



রূপগঞ্জ শিশুকে ধর্ষণচেষ্টার অভিযোগে শিক্ষক আটক



ছবি: সংগৃহীত

নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলায় ৯ বছর বয়সী এক শিশুকে ধর্ষণচেষ্টার অভিযোগে এক শিক্ষককে গ্রেফতার করেছে পুলিশ। অভিযুক্ত আব্দুল্লাহ মোহাম্মদ ইসানুর (২২) সুনামগঞ্জ জেলার দিরাই উপজেলার মাছিমপুর গ্রামের বাসিন্দা।

সোমবার (৮ জুন) দুপুরে উপজেলার একটি এলাকায় এ ঘটনা ঘটে। স্থানীয় সূত্রে জানা যায়, ইসানুর একটি ভাড়াবাসায় থাকতেন এবং সেখানে শিশু-কিশোরদের আরবি পড়াতেন। পুলিশ জানায়, শিশুটি অন্য শিক্ষার্থীদের সঙ্গে পড়তে গেলে একপর্যায়ে ওজু শেখানোর কথা বলে তাকে আলাদা করে বাথরুমে নিয়ে যান অভিযুক্ত শিক্ষক। সেখানে শিশুটির সঙ্গে অশালীন আচরণ ও ধর্ষণের চেষ্টা করা হয় বলে অভিযোগ ওঠে।

শিশুটির চিৎকার শুনে আশপাশের লোকজন ঘটনাস্থলে ছুটে এসে ইসানুরকে আটক করেন। পরে উত্তেজিত জনতা তাকে মারধর করলে খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে তাকে উদ্ধার করে থানায় নিয়ে যায়।

এ ঘটনায় শিশুটির মা বাদী হয়ে নারী ও শিশু নির্যাতন দমন আইনে রূপগঞ্জ থানায় মামলা দায়ের করেছেন।

রূপগঞ্জ থানার ওসি এএইচএম সালাউদ্দিন বলেন, অভিযোগের ভিত্তিতে মামলা নেওয়া হয়েছে। অভিযুক্তকে আদালতে পাঠানো হয়েছে এবং ঘটনার তদন্ত চলছে।